# এনডিপি-শুদ্ধাচার নীতিমালা-২০১৮

## NDP-INTEGRITY POLICY-2018

## ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

এনডিপি ভবন, বাগবাড়ি, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ।
ফোন ঃ ০৭৫১-৬৩৮৭০-৭১; ফ্যাক্স ঃ ০৭৫১-৬৩৮৭৭
ই-মেইল ঃ **akhan_ndp@yahoo.com**
ওয়েবসাইট ঃ **www.ndpbd.org**

Md.Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairperson
National Development Programme-NDP

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৭৬০৩।

এনডিপি-শুদ্ধাচার নীতিমালা-২০১৮ (NDP-Integrity Policy-2018)

সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | ভুমিকা | ১ |
| ২ | এনডিপির ভিশন, মিশন ও উদ্দেশ্য | ১ |
| ৩ | শুদ্ধাচারের ধারণা | ২ |
| ৪ | শুদ্ধাচার নীতিমালা প্রনয়নের উদ্দেশ্য | ২ |
| ৫ | সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠার বিধিবিধান বা নিয়মনীতি | ২ |
| ৬ | শুদ্ধাচার বা নৈতিকতা কমিটি | ৩ |
| ৭ | কমিটির সভা | ৩ |
| ৮ | ফাকাল পয়েন্ট | ৩ |
| ৯ | তথ্য অধিকার আইন এর আওতায় তথ্য প্রাপ্তির ক্ষেত্রে প্রতিষ্ঠানে একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মনোনয়ন | ৩ |
| ১০ | ‘গ্রাহক কমপ্লায়েন্ট ইউনিট’ স্থাপন | ৩ |
| ১১ | ইনোভেশন কমিটি | ৩ |
| ১২ | ইনোভেশন কমিটির সভা | ৪ |
| ১৩ | ইনোভেশন কমিটির ফোকাল পয়েন্ট | ৪ |
| ১৪ | শুদ্ধাচার কর্মপরিকল্পনা | ৪ |
| ১৫ | ইনোভেশন কর্মপরিকল্পনা | ৪ |
| ১৬ | সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে শুদ্ধাচার বিষয়ক সভার আয়োজন | ৪ |
| ১৭ | সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেন চার্টার | ৪ |
| ১৮ | সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান | ৪ |
| ১৯ | শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টি ঃ | ৫ |
| ২০ | মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির আইন ও বিধিবিধান পরিপালন | ৫ |
| ২১ | প্রয়োজনীয় নীতিমালা প্রনয়ন/সংশোধন | ৫ |
| ২২ | অভিযোগ বাক্স স্থাপন | ৫ |
| ২৩ | অত্র শুদ্ধাচার নীতিমালার কার্যকারিতা | ৫ |
| ২৪ | শুদ্ধাচার নীতিমালা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন ও বাতিল | ৫ |


Md.Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairperson
National Development Programme-NDP

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩।

## এনডিপি-শুদ্ধাচার নীতিমালা-২০১৮ (NDP-Integrity Policy-2018)

১. ভুমিকা ঃ

বাংলাদেশ পৃথিবীর অন্যতম প্রাকৃতিক দূর্যোগ প্রবণ একটি দেশ। দূর্যোগ আমাদের এগিয়ে যাওয়ার পথে বড় অন্তরায়। প্রতি বছরই বাংলাদেশকে বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলা করতে হয়। প্রাকৃতিক দূর্যোগসমুহের মধ্যে বন্যা, খরা, শৈত প্রবাহ, নদী ভাঙ্গন, ঘূর্ণীঝড়, শিলাবৃষ্টি, জলোচ্ছাস, অতিবৃষ্টি, অনাবৃষ্টি অন্যতম। বাংলাদেশের উত্তরাঞ্চল, উত্তর-মধ্যমাঞ্চল তথা সিরাজগঞ্জ জেলা ও এর পার্শ্ববর্তী জেলাসমুহ যেমন পাবনা, নাটোর, বগুড়া, জামালপুর, টাঙ্গাইল, মানিকগঞ্জ ইত্যাদি যমুনা-পদ্মা অববাহিকায় অবস্থিত হওয়ায় এই সকল জেলা সমুহ বর্ণীত প্রাকৃতিক দূর্যোগে সমানভাবে বিপদাপন্ন। প্রতি বছরই আমাদের এই সমস্ত দূর্যোগ মোকাবেলা করতে হয়। ১৯৮৮ সালের স্মরণকালের ভয়াবহ বন্যা এবং পরবর্তী ১৯৯০ সালের বড় বন্যায় দেশের অন্যান্য এলাকার মত উত্তর জনপদ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়। তৎকালিন সময়ে দেশি-বিদেশি বিভিন্ন সংস্থা বন্যাকালিন ও বন্যা পরবর্তী বিভিন্ন ধরণের ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণ করে দূর্গত মানুষের দূর্দশা লাঘবের চেষ্টা করে। এনডিপির প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক জনাব মোঃ আলাউদ্দীন খান সে'সময় দেশি-বিদেশি বিভিন্ন সংস্থার সাথে থেকে এলাকার দূর্গত মানুষের পাশে দাঁড়িয়েছিলেন। সে'সময়গুলিতে ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমে অংশগ্রহণ করে দূর্গত মানুষের দূর্গতি অনুধাবন করে তাঁর মনে হয়েছে এই ধরণের ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম দুঃস্থ মানুষের সীমাহীন সমস্যার ক্ষণস্থায়ী সমাধান হলেও এটা কখনই টেকসই কোন পদ্ধতি নয় এবং কার্যতঃ এই প্রক্রিয়ায় কখনই মানুষ দুর্দশা থেকে মুক্তি পাবেনা। তিনি অনুধাবন করলেন একটি সাংগঠনিক প্রক্রিয়ার যে প্রক্রিয়ায় দুঃস্থ মানুষের পাশে দাঁড়ানো যাবে তাৎক্ষনিক দুর্দশা লাঘবে এবং নিরবচ্ছিন্নভাবে কাজ করা যাবে ক্ষতিগ্রস্থ, শোষিত, বঞ্চিত, প্রান্তজনকে উন্নয়নের মূল ধারায় নিয়ে এসে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ ও সমাজ বিনির্মানে যেখানে সমাজের প্রতিটি মানুষ অধিষ্ঠিত হবে মানবিক মর্যাদায়। এরই ধারাবাহিকতায় ১৯৯২ সালের ১লা জানুয়ারী প্রতিষ্ঠিত হয় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি।

২. এনডিপির ভিশন, মিশন ও উদ্দেশ্য ঃ

**এনডিপির রূপকল্প বা ভিশন ঃ** পরিবেশগতভাবে ভারসাম্যপূর্ণ, শোষন ও বৈষম্যহীন একটি দারিদ্র্যমুক্ত সমাজ যেখানে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকল শিশু, নারী ও পুরুষ সমমর্যাদায় সম্মানের সাথে বসবাস করবে, তাদের নায্য অধিকার প্রতিষ্ঠা ও উপভোগ করবে এবং মূল স্রোতধারার সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক প্রক্রিয়ায় সরাসরি যুক্ত থাকবে।

**এনডিপির অভিলক্ষ্য বা মিশন ঃ** সামাজিক সমাবেশ, সচেতনতা বৃদ্ধি, জনসংগঠন সৃষ্টি ও উন্নয়ন, এ্যাডভোকেসি ও লবিং এবং পরিবেশ বান্ধব বিভিন্ন কর্মকান্ডের মাধ্যমে পিছিয়ে পড়া শিশু, নারী, পুরুষ, আদিবাসী, ক্ষুদ্র জাতিগোষ্ঠি এবং প্রতিবন্ধিদের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে আর্থ-সামাজিক ক্ষমতায়ন। মানব সম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণের মাধ্যমে নেতৃত্বের উন্নয়ন, দক্ষ উদ্যোক্তা সৃষ্টি এবং মানব সম্পদের পরিপূর্ণ বিকাশ ও নিপীড়িত সুবিধাবঞ্চিত পরিবারের নারীকে কেন্দ্র করে পারিবারিক আয় ও কর্মসংস্থান সৃষ্টির দ্বারা দারিদ্র্য দূরিকরণ।

**এনডিপির উদ্দেশ্য ঃ** দারিদ্র্য, নিরক্ষর, ভূমিহীন, শিশু, নারী ও পুরুষদের সংগঠিতকরণ যাতে তারা নিজেরাই নিজেদের আর্থ-সামাজিক, মানব মর্যাদা প্রতিষ্ঠা এবং সাংস্কৃতিক উন্নয়নের লক্ষ্যে পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন, ব্যবস্থাপনা এবং নিয়ন্ত্রন করার ক্ষমতা অর্জন করতে পারে।



Md.Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairperson
National Development Programme-NDP

৩. **শুদ্ধাচারের ধারণা ঃ**

শুদ্ধাচার বলতে সাধারণভাবে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ বোঝায়। এর দ্বারা একটি প্রতিষ্ঠানের কালোত্তীর্ণ মানদন্ড, নীতি ও প্রথার প্রতি আনুগত্যও বোঝানো হয়। ব্যক্তিপর্যায়ে এর অর্থ হলো কর্তব্যনিষ্ঠা ও সততা, তথা চরিত্রনিষ্ঠা। ব্যক্তির সমষ্টিতেই প্রতিষ্ঠান সৃষ্টি হয়এবং তাদের সম্মিলিত লক্ষ্যই প্রতিষ্ঠানের লক্ষ্যে প্রতিফলিত হয়। প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যক্তি পর্যায়ে শুদ্ধাচার অনুশীলন অত্যন্ত গুরুত্বপূর্ণ; সমন্বিত রুপ হিসাবে প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার অনুশীলনও জরুরী। প্রাতিষ্ঠনিক বিধিবিধান ও নিয়মনীতি ও দর্শন এমনভাবে প্রণীত ও অনুসৃত হওয়া প্রয়োজন যাতে এগুলি শুদ্ধাচারী জীবন প্রতিষ্ঠায় সহায়ক হয়। ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি বিভিন্ন বিধিবিধান ও নিয়মনীতি প্রনয়ন ও পরিপালন করে চলেছে এবং সময়ের চাহিদা অনুযায়ী সেগুলির সংস্কারও উন্নয়ন সাধন করছে। সংস্থায় চাকুরেদের কর্তব্যনিষ্ঠা ও সততা এবং প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার চর্চার মাধ্যমে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রেগ্রাম-এনডিপি একটি আদর্শ প্রতিষ্ঠানে পরিনত হবে এটা সকলের প্রত্যাশা।

৪. **শুদ্ধাচার নীতিমালা প্রনয়নের উদ্দেশ্য ঃ** ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রেগ্রাম-এনডিপি, সরকারী নিবন্ধনপ্রাপ্ত একটি প্রতিষ্ঠান। সরকারের সুনির্দিষ্ট আইনের অধিনে এটি নিবন্ধিত এবং পরিচালিত। আইনগতভাবে সংস্থার কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা নিয়ন্ত্রন করার জন্য রয়েছে সরকারের একাধিক প্রতিষ্ঠান/দপ্তর যেমন এনজিও অ্যাফেয়ার্স ব্যুরো, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি-এমআরএ ইত্যাদি। সুষ্ঠু কার্যক্রম বাস্তবায়নের জন্য পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন-পিকেএসএফসহ দেশী-বিদেশি বিভিন্ন সংস্থা বা প্রতিষ্ঠানের সাথে সংস্থার অংশিদারিত্ব রয়েছে। বিভিন্ন প্রতিষ্ঠানের কাছে সংস্থাকে নিয়মিত জবাবদিহী করতে হয়। সংস্থার বহুমুখি কার্যক্রম বাস্তবায়ন ও ব্যবস্থাপনা, কর্মী ব্যবস্থাপনা ও উন্নয়ন, আর্থিক ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রন এবং প্রাতিষ্ঠানিক উন্নয়ন বিভিন্ন ক্ষেত্রে সৃষ্ঠু কার্যক্রম পরিচালনার জন্য রয়েছে বিভিন্ন ধরনের নীতিমালা যেমন; মানবসম্পদ ব্যবস্থাপনা ও প্রশাসনিক নীতিমালা, আর্থিক ও হিসাব ব্যবস্থাপনা নীতিমালা, প্রকল্প/কর্মসূচি ব্যবস্থাপনা নীতিমালা, অভ্যন্তরিণ নিয়ন্ত্রন ব্যবস্থা সংক্রান্ত নীতিমালা, মনিটরিং-সুপারভিশন সংক্রান্ত নীতিমালা, স্থায়ী সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা, ক্রয়-বিক্রয় নীতিমালা ইত্যাদি।

সংস্থার গঠনতন্ত্রের আলোকে প্রণীত উল্লেখিত নীতিমালাসমুহ ও নীতিমালায় বর্ণীত নিয়ম-কানুন এবং প্রথা-পদ্ধতি এবং উন্নয়ন উদ্যোগ সুষ্ঠু কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিৎ করতে কার্যকর ভূমিকা রাখতে সক্ষম তথাপি কোন কোন ক্ষেত্রে সংস্থায় কর্মরত চাকুরেদের দূর্নীতি, স্বজনপ্রিতি বা ক্ষেত্র বিশেষে নীতিমালা যথাযথভাবে পরিপালন না করে বা নীতিমালার সুষ্ঠু প্রয়োগের অভাবে কাঙ্খিত ফল অর্জণ করা সম্ভব হয় না। এসব দিক বিবেচনা করে সংস্থায় কর্মরত চাকুরেদের কাজের অনুকূল পরিবেশ সৃষ্টি, তাঁদের মাঝে স্বচ্ছতা ও জবাবদিহীতার মাত্রা বৃদ্ধিকরণ, সততা ও কর্তব্যনিষ্ঠা সম্পর্কে আরো বেশি সংবেদনশীল করা, কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় নীতিমালা প্রনয়ন, প্রচলিত নীতিমালাসমুহের অভ্যন্তরিণ বা এক নীতিমালা সাথে অন্য নীতিমালার আন্তঃ সংঘর্ষ ইত্যাদি যদি থেকে থাকে তা অনুসন্ধান ও সংশোধনের তথা সহজীকরণের উদ্যোগ গ্রহণ, সংস্থার গ্রাহকগণ যথাযথভাবে প্রয়োজনীয় পরিসেবা পাচ্ছে কিনা তা নিশ্চিৎকরণ, বিভিন্ন দাতা সংস্থা, অংশীদার সংস্থা ও সরকারী বিভিন্ন দপ্তরের আইন-কানুন ও নীতিমালাসমুহ যথাযথভাবে পরিপালন ইত্যাদির মাধ্যমে পরিচালনা করে সংস্থাকে একটি যুগোপযোগী, কার্যকর, স্বচ্ছ, জবাবদিহীমূলক একটি উত্তম প্রতিষ্ঠানে পরিনত করাই হচ্ছে শুদ্ধাচার নীতিমালা প্রনয়নের উদ্দেশ্য।



Md.Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairperson
National Development Programme-NDP

৫. **সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠার বিধিবিধান বা নিয়মনীতি ঃ**

নিম্নলিখিত বিধিবিধান বা নিয়মনীতির উপর ভিত্তি করে সংস্থার শুদ্ধাচার পরিপালণ বা শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়িত হবে ঃ

৫.১ **শুদ্ধাচার বা নৈতিকতা কমিটি ঃ**

**৫.১.১ সংস্থায় ৭ সদস্য বিশিষ্ট একটি শুদ্ধাচার কমিটি থাকবে যার কাঠামো হবে নিম্নরুপ ঃ**

| ক্রমিক নং | কমিটিতে পদবী | বর্ণনা |
|---|---|---|
| ১ | সভাপতি | সংস্থার নির্বাহী পরিচালক পদাধিকার বলে কমিটির সভাপতি হবেন। |
| ২ | ফোকাল পয়েন্ট | উপ-পরিচালক, ঋণ সহায়তা কর্মসূচি এই কমিটির ফোকাল পয়েন্ট থাকবেন |
| ৩ | সদস্য | পরিচালক-কর্মসূচি |
| ৪ | সদস্য | সহকারী পরিচালক-মনিটরিং |
| ৫ | সদস্য | সহকারী পরিচালক ঋণ সহায়তা কর্মসূচি |
| ৬ | সদস্য | ম্যানেজার এইচআর এন্ড এ্যাডমিন |
| ৭ | সদস্য | ম্যানেজার প্রশিক্ষণ |

৫.১.২ **কমিটির সভা ঃ** সুনির্দিষ্ট আলোচ্য বিষয় নিয়ে প্রতি তিন মাস পর পর কমিটির সভা অনুষ্ঠিত হবে। জরুরী প্রয়োজনে বিশেষ সভা আহ্বান করা যাবে। সভায় বিস্তারিত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহিত হবে। গৃহিত সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়ন প্রক্রিয়া ও ফলো-আপ নিয়মিত অব্যাহত রাখতে হবে। শুদ্ধাচার কমিটির সভা'র বিস্তারিত কার্যাবিবরণী প্রস্তুত করতে হবে এবং সংশ্লিষ্টদের ছায়ালিপি প্রদান করতে হবে।

৫.১.৩ **ফোকাল পয়েন্ট ঃ** শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট, সভাপতির পক্ষে শুদ্ধাচার কমিটির সভা আহ্বান করবেন, আলোচ্য বিষয় নির্ধারণ/সংগ্রহ করবেন, কার্যবিবরণী প্রস্তুত করবেন এবং সভা'র সিদ্ধান্তসমুহ ও করণীয় সংশ্লিষ্টদের অবহিত করবেন। এছাড়া তিনি শুদ্ধাচার বিষয়ে বিভিন্ন অভিযোগ গ্রহণ ও মিটিং এ আলোচনার ম্যাধমে অভিযোগ নিস্পত্তিতে কার্যকর ভুমিকা রাখবেন।

৫.২ **তথ্য অধিকার আইন এর আওতায় তথ্য প্রাপ্তির ক্ষেত্রে প্রতিষ্ঠানে একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মনোনয়ন ঃ** তথ্য অধিকার আইন এর আওতায় সংশ্লিষ্টদের তথ্য প্রাপ্তি নিশ্চিৎকরণের লক্ষ্যে সংস্থায় একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা থাকবেন। **শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট** এই দায়িত্ব পালন করবেন।

৫.৩ **'গ্রাহক কমপ্লায়েন্ট ইউনিট' স্থাপন ঃ** সংস্থায় একটি 'গ্রাহক কমপ্লায়েন্ট ইউনিট' থাকবে। **শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট 'গ্রাহক কম্পায়েন্ট ইউনিট'র ফোকাল পয়েন্ট** হিসাবে কাজ করবেন।

৫.৪ **ইনোভেশন কমিটি ঃ** গ্রাহকসেবা উন্নত ও জনবান্ধব করতে উদ্ভাবনীমূলক কার্যক্রম গ্রহণের লক্ষ্যে সংস্থায় একটি ইনোভেশন কমিটি গঠন করা হবে। ইনোভেশন কমিটির গঠন কাঠামো হবে নিম্নরুপ ঃ



Md.Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairperson
National Development Programme-NDP

৫.৪.১ ইনোভেশন কমিটি ঃ

| ক্রমিক নং | কমিটিতে পদবী | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ০১ | ইনোভেশন অফিসার | পরিচালক-কর্মসূচি |
| ০২ | সদস্য সচিব | ব্যবস্থাপক-আরএন্ডডি |
| ০৩ | সদস্য | পরিচালক-পিএন্ড আরএম |
| ০৪ | সদস্য | সহকারী পরিচালক-এমএন্ডই |
| ০৫ | সদস্য | ব্যবস্থপক-এইচআর এন্ড এ্যাডমিন |
| ০৬ | সদস্য | ব্যবস্থাপক-নিরীক্ষা |
| ০৭ | সদস্য | প্রোজেক্ট কো-অর্ডিনেটর |

**৫.৪.২ ইনোভেশন কমিটির সভা ঃ** সুনির্দিষ্ট আলোচ্য বিষয় নিয়ে প্রতি তিন মাস পর পর কমিটির সভা অনুষ্ঠিত হবে। জরুরী প্রয়োজনে বিশেষ সভা আহ্বান করা যাবে। সভায় বিস্তারিত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহিত হবে। গৃহিত সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়ন প্রক্রিয়া ও ফলো-আপ নিয়মিত অব্যাহত রাখতে হবে। ইনোভেশন কমিটির সভা'র বিস্তারিত কার্যাবিবরণী প্রস্তুত করতে হবে এবং সংশ্লিষ্টদের ছায়ালিপি প্রদান করতে হবে।

**৫.৪.৩ ইনোভেশন কমিটির ফোকাল পয়েন্ট ঃ** ইনোভেশন অফিসার ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করবেন। তিনি নিয়মিত মিটিং আহবান করবেন, মিটিং এর আলোচ্য বিষয় আহবান/নির্ধারণ করবেন, মিটিং এ গৃহিত সিদ্ধান্ত সংশ্লিষ্টদের অবহিত করবেন। সংশ্লিষ্ট সকলের নিকট থেকে ইনোভেশন ধারণা নিবেন, ইনোভেশন পরিকল্পনা করবেন এবং কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে তা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবেন।

৫.৫ **শুদ্ধাচার কর্মপরিকল্পনা ঃ** সংযুক্ত **পরিশিষ্ট-ক** মোতাবেক সংস্থার একটি শুদ্ধাচার কর্মপরিকল্পনা থাকবে। এমআরএ'র ছক অনুসরণ করে শুদ্ধাচার কর্মপরিকল্পনা নিয়মিত প্রনয়ন/হালনাগাদ করতে হবে।

৫.৬ **ইনোভেশন কর্মপরিকল্পনা ঃ** সংযুক্ত **পরিশিষ্ট-খ** মোতাবেক সংস্থার বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা থাকবে। কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিৎ করতে হবে।

৫.৭ **সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে শুদ্ধাচার বিষয়ক সভার আয়োজন ঃ** ত্রৈমাসিক ভিত্তিতে সংস্থার কর্মকর্তা /কর্মচারিদের সাথে শুদ্ধাচার বিষয়ে সভার আয়োজন করতে হবে। সভায় গৃহিত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা নিয়মিত মনিটরিং ও পর্যালোচনা করতে হবে। সচেতনতা বৃদ্ধির মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত, পারিবারিক ও সার্বিক জীবনে শুদ্ধাচার চর্চায় অভ্যস্ত করতে হবে। এছাড়া প্রনোদনা প্রদানের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের সৎ, সময়ানুবর্তী ও নিয়মানবর্তি হতে উৎসাহিত করতে হবে। এছাড়া কর্মকর্তা/কর্মচারীদের পরস্পরের সাথে নলেজ শেয়ারিং এর ব্যবস্থা করতে হবে।

৫.৮ **সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান ঃ** সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষিত করে গড়ে তুলতে হবে এজন্য প্রতিটি প্রশিক্ষণে শুদ্ধাচার বিষয়কে সম্পৃক্ত করে প্রশিক্ষণ সূচি ও প্রশিক্ষণ উপকরণ তৈরী করতে হবে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে পৃথকভাবে শুধুমাত্র শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা যাবে।



Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairperson
National Development Programme-NDP

৫.৯ **সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেন চার্টার ঃ সংযুক্ত পরিশিষ্ট-গ মোতাবেক** ছক কিংবা সময়ে সময়ে এমআরএ কর্তৃক প্রবর্তীত সংশোধিত/নতুন ছক অনুসরণ করে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রনয়ন/হালনাগাদ করে প্রধান কার্যালয়, সকল যোনাল কার্যাল, এরিয়া কার্যালয় ও শাখা কার্যালয়ের সামনে স্থাপন করতে হবে। সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচি প্রধানগণ নিজ নিজ ফোকাল পার্সনের সাথে আলোচনা করে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রনয়ন ও ফনডফসশ হালনাগাষ রাখবেন।

৫.১০ **শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টি ঃ** শুদ্ধাচার বিষয়ে গ্রাহক থেকে শুরু করে সংস্থার সহকর্মী ও অন্যান্য অংশীজনদের অবশ্যই সচেতন করতে হবে এজন্য শুদ্ধাচার সম্পর্কে প্রাথমিক ধারণা ও করণীয় বিষয়ে অথরিটি কর্তৃক প্রণীত জনসচেতনতামূলক বিজ্ঞপ্তি গ্রাহক পর্যায়ে প্রকাশ করতে হবে। এনডিপি শুদ্ধাচার কমিটি প্রয়োজনীয় উদ্দ্যোগ গ্রহণ করবে এবং সংশ্লিষ্ট প্রকল্প প্রধান/অফিস প্রধানগণ যথাযথভাবে তা পরিপালন করবেন।

৫.১১ **মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির আইন ও বিধিবিধান পরিপালন ঃ** মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির সংস্থা সংশ্লিষ্ট সকল আইন ও বিধিবিধান যথাযথভাবে পরিপালন করতে হবে। অথরিটির আইনের সাথে সঙ্গতি বিধান করে সংস্থার নীতিমালা প্রনয়ন, কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে কিনা তা নিয়মিত পর্যালোচনা করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৫.১২ **প্রয়োজনীয় নীতিমালা প্রনয়ন/সংশোধন ঃ** সংস্থার এ পর্যন্ত প্রবর্তিত নীতিমালাসমুহ পর্যালোচনা করতে হবে। নীতিমালাসমুহে শুদ্ধাচার পরিপন্থি কোন ধারা থাকলে বাতিল এবং প্রযোজ্য ক্ষেত্রে শুদ্ধাচার অনুকূল নতুন ধারা সংযোজন করতে হবে। চাকুরীবিধির যথাযথ প্রয়োগ, পারফরমেন্স বেস্‌ড ম্যানেজমেন্ট ও পারফরমেন্স বেস্‌ড কর্মী উন্নয়ন, মাতৃত্বকালীণ ছুটি ও সকল পর্যায়ে ন্যায়বিচার নিশ্চিৎ করতে হবে। শুদ্ধাচার ও নৈতিকতা পরিপন্থি কার্যক্রমের জন্য নীতিমালায় শাস্তির বিধান থাকতে হবে এবং নীতিমালার যথাযথ প্রয়োগ নিশ্চিৎ করতে হবে।

৫.১৩ **অভিযোগ বাক্স স্থাপন ঃ** সংস্থার প্রধান কার্যালয়, সকল যোনাল অফিস, সকল এরিয়া অফিস, সকল শাখা অফিস ও সকল প্রকল্প অফিসে একটি করে অভিযোগ বাক্স স্থাপন করতে হবে। অফিসে কাজের সুষ্ঠু পরিবেশ, জেন্ডার সংবেদনশীলতা, পারস্পরিক সম্পর্ক ইত্যাদি বিষয়ে কোন চাকুরের কোন অভিযোগ থাকলে তা অভিযোগ বাক্সে দিতে হবে। শুদ্ধাচার কমিটির ফোকাল পার্সন নিয়মিত অভিযোগ বাক্সগুলি খুলবেন, প্রাপ্ত অভিযোগ শুদ্ধাচার কমিটির সভায় আলোচনা করবেন এবং গৃহিত সিদ্ধান্ত কর্তৃপক্ষের গোচরিভূত করে কর্তৃপক্ষের অনুমতি স্বাপেক্ষে অভিযোগ নিরসনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

৬. **অত্র শুদ্ধাচার নীতিমালার কার্যকারিতা ঃ** সংস্থার নির্বাহী পরিষদের অনুমোদন স্বাপেক্ষে অত্র নীতিমালা অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

৭. **শুদ্ধাচার নীতিমালা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন ও বাতিল ঃ** সংস্থার নির্বাহী পরিষদের অনুমোদন স্বাপেক্ষে এই নীতমালার যে কোন বিষয় যে কোন সময় সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন কিংবা সমুদয় নীতিমালা বাতিল করা যাবে।

==oo==



Md.Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Chairperson
National Development Programme-NDP

পরিশিষ্ট-ক

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

বাগবাড়ি, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি'র শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা-ছক

| উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | সময়সীমা | কার্যসম্পাদন সূচক | | | দায়িত্ব |
|---|---|---|---|---|---|---|
| | | | জুন/১৮ পর্যন্ত অর্জন | লক্ষ্য | একক | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

শুদ্ধাচার ফোকাল পার্সন

Md.Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

নির্বাহী পরিচালক

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৭৬০৩।

সনদ নং ঃ ০১২২৯-০০৩৩২-০০২২২

## সংস্থার উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনা ছক

| ক্রমিক নং | বিষয় | প্রস্তাবিত কাজের বিষয় (গৃহিতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির কাল) | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম ও পদবী) | প্রত্যাশিত ফলাফল | পরিমাপ মানদন্ড |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

নির্বাহী পরিচালক

ইনোভেশন অফিসার

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

বাগবাড়ি, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি'র শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা (বছর) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন-ছক

| উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | সময়সীমা | কার্যসম্পাদন সূচক | | | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| | | | জুন/১৮ পর্যন্ত অর্জন | লক্ষ্য | একক | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

শুদ্ধাচার ফোকাল পার্সন

Md.Alauddin Khan
Executive Director
National Development Programme

নির্বাহী পরিচালক